

Bengali

একটি বাড়ি পাওয়া

- 1) ইউর চয়েস হোম হচ্ছে নিউক্যাসেল সিটি কাউন্সিল, ইউর হোমস্ নিউ ক্যাসেল এবং হাউজিং এসোসিয়েশন্স-এর মধ্যে একটি অংশীদারিত্ব। আমরা নিউ ক্যাসেলে নতুন বাড়ি খুঁজে পাবার ক্ষেত্রে আপনাকে সাহায্য করতে পারি।
- 2) 16 বছরের বেশী বয়সের যে কেউ ইউর চয়েস হোমস্-এ যোগ দিতে পারেন। আপনাকে নিউ ক্যাসেলে বাস করতে হবে না এবং কোন ধরনের বাড়িতে আপনি বাস করেন এটা কোন বিষয় নয়।
- 3) যদি আপনি আগ্রহী হন, তবে আপনাকে একটি আবেদন পত্রের প্যাক পেতে হবে। আপনি ফোন করে এ ধরনের একটি পেতে পারেন কিংবা ব্যক্তিগতভাবে একটি সংগ্রহ করে নিতে পারেন। আপনি কোথা থেকে আপনার প্যাকটি পাবেন সে সম্পর্কে পূর্ণ তথ্যের জন্য ওয়েবসাইটের ইউর চয়েস হোমস্ অনুচ্ছেদ লক্ষ্য করুন।
- 4) যখন আপনি আবেদন করবেন, আমরা পাঁচটি কার্যদিবসের মধ্যে আপনাকে নিবন্ধিত করবো। এরপর আমরা আপনি নিবন্ধিত হয়েছেন তা জানানোর জন্য আপনাকে লিখবো। আমরা আপনাকে একটি নিবন্ধন নম্বর দেবো, যা সম্পত্তির জন্য বিড বা ডাকের ক্ষেত্রে আপনি ব্যবহার করবেন।
- 5) আমরা আপনার প্রদত্ত তথ্যাবলী পরীক্ষা করবো এটা নিশ্চিত হতে যে আপনি ইউর চয়েস হোমস্-এর জন্য যোগ্য। আমাদের পরীক্ষা করা প্রয়োজন আপনি কে এবং আপনি একটি বাড়ির জন্য যোগ্য কী-না।
- 6) যদি আমরা সিদ্ধান্ত নেই যে, আপনি যোগ্য নন, তবে আপনি একটি বাড়ির জন্য বিড (ডাক) করতে পারবেন না। আমরা আপনাকে লিখিতভাবে জানাবো যে, কেনো আপনি যোগ্যতা রাখেন না বলে আমরা মনে করি এবং তারপর আপনি কী করতে পারেন।
- 7) যদি আপনি মনে করেন জরুরীভাবে আপনার স্থানান্তর প্রয়োজন, আপনি কখন আবেদন করবেন এ সম্পর্কে আমাদের জানান। আমরা হয়তো আপনাকে অগ্রাধিকার হিসেবে বিবেচনা করতে সক্ষম হবো এবং প্রথমেই আপনাকে একটি বাড়ি প্রদান করবো।
- 8) প্রত্যেক মঙ্গলবার ইভনিং ক্রোনিকলস্ (the Evening Chronicle) -এ বাড়ীঘরের বিজ্ঞাপন প্রকাশিত হয় এবং আমাদের প্রপার্টি দোকান, হাউজিং অফিস এবং অন্যান্য স্থানে পোস্টারে তা পাওয়া যাবে। আমরা আপনাকে জানাবো যে প্রপার্টিতে ক'টি বেডরুম রয়েছে, এর ভাড়া কত এবং প্রপার্টির কোন বিশেষ বৈশিষ্ট্য আছে কী-না।
- 9) অনেক সময় একটি প্রপার্টির বিশেষ শর্তাবলী থাকতে পারে, যেমন- এটা শিশু কিংবা পোষা প্রাণীর জন্য উপযুক্ত কী-না। আপনার পরীক্ষা করা দরকার সম্পত্তিটি আপনার জন্য উপযুক্ত কী-না।
- 10) যদি একটি প্রপার্টির ব্যাপারে আপনি আগ্রহী হন, এজন্য আপনাকে বিড করতে হবে অর্থাৎ ডাকে অংশ নিতে হবে। আপনি সপ্তাহে তিনটি পর্যন্ত সম্পত্তির জন্য বিড করতে পারেন। আপনি পরবর্তী সোমবারের দুপুর পর্যন্ত বিড করতে পারেন।
- 11) আপনি বিভিন্ন উপায়ে বিড করতে পারেন। উদাহরণস্বরূপ, ফোনে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন কিংবা প্রপার্টির দোকানে ফোন করতে পারেন।
- 12) যদি আপনার বিড বা ডাক সফল হয়, তবে আমরা ছয়দিনের মধ্যে আপনাকে জানাবো। যদি তা না হয়, তবে অনুগ্রহপূর্বক আবার চেষ্টা করুন।

Bengali

13) যদি আপনাকে একটি প্রপার্টি প্রদান করা হয়, তবে এটা গ্রহণ করতে চান কী-না তা ঠিক করার আগেই আপনি এটা দেখতে সক্ষম হবেন। যদি এটা আপনি পছন্দ করেন, তবে আমরা আপনার ভাড়াটে চুক্তি স্বাক্ষরের জন্য ও ঘণ্টে ঢোকার জন্য একটি তারিখ নির্ধারণ করবো। যদি আপনি সিদ্ধান্ত নেন যে, এই সম্পত্তি আপনার জন্য উপযুক্ত নয়, তবে আপনাকে এটা গ্রহণ করতে হবে না।

14) যদি আমাদের কোন সিদ্ধান্তে আপনি সন্তুষ্ট না হন, তবে আপনি আপীল করতে পারেন। তখন আমরা আপনার মামলাটি পুনর্বিবেচনা করবো।

15) এবং যদি প্রক্রিয়ায় কোন অংশের ব্যাপারে আপনার সাহায্য প্রয়োজন হয়, তবে চিন্তার কারণ নেই। আমরা আপনাকে সাহায্য করতে প্রস্তুত রয়েছি।

16) উদাহরণস্বরূপ, যদি আপনি 18 বছরের কম বয়সী হন কিংবা সাহায্যের প্রয়োজন হয়, একটি পাথগুয়ে এডভাইস এবং সাপোর্ট ওয়ার্কার কিংবা আমাদের ইনলাইন টিমের একজন সদস্য আপনাকে সহায়তা করবে এবং আপনার নতুন বাড়িতে বসতস্থাপনে সাহায্য করবে।

17) কিংবা যদি আপনার একজন দোভাষী কিংবা ব্রেইলে তথ্য অথবা বড়ো অক্ষরে ছাপার প্রয়োজন হয়, তবে আমরা এ ব্যাপারেও সাহায্য করতে পারি।